

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৭৪

১/ বিবিধ

আরবী

خذ هذا الدم فادفنه من الدواب والطير، أوقال: الناس والدواب ضعيف

أخرجه المحاملي في آخر مجلس من " الأمالي " (ق 20/12) وابن حيويه الخزاز في " حديثه " (1/2) وابن عدي في " الكامل " (ق 41/1) ، والبيهقي في " السنن الكبرى " (7/67) والسياق له من طريق بريه بن عمر بن سفينة عن أبيه (سقط من " السنن ": عن أبيه) عن جده قال

احتجم النبي صلى الله عليه وسلم، ثم قال لي: فذكره

قلت: وهذا سند ضعيف، وله علتان

لا يعرف، وقال أبو زرعة: صدوق، وقال البخاري: إسناده مجهول

وأورده العقيلي في " الضعفاء " (ص 282) وقال

حديثه غير محفوظ، ولا يعرف إلا به

والآخرى: ابنه بريه مصغرا، واسمه إبراهيم، أورده العقيلي أيضا (ص 61) وقال

لا يتابع على حديثه، وقال ابن عدي

له أحاديث يسيرة غير ما ذكرت، ولم أجد للمتكلمين في الرجال لأحد منهم فيه كلاما، وأحاديثه لا يتابعه عليها الثقات، وأرجوأنه لا بأس به

وقال الذهبي في " الميزان



ضعفه الدارقطني، وقال ابن حبان: لا يحل الاحتجاج به وقال أيضا وقال أيضا وتفرد بريه عن أبيه بمناكير والحديث ضعفه عبد الحق الإشبيلي في "الأحكام" (رقم 576 ـ من نسختي وتحقيقي)، وسكت عليه الحافظ في "التلخيص" (ص 10) فلم يُجِد

## বাংলা

১০৭৪। এ রক্তধর তাকে চতুষ্পদ জন্তু ও পাখী হতে গোপন করে ফেল অথবা বলেনঃ মানুষ ও চতুষ্পদ জন্তু হতে গোপন করে ফেল।

## হাদীসটি দুর্বল।

এটি মাহামেলী "আল-আমলী" গ্রন্থের (কাফ ১/২২৯) শেষ মজলিসে, ইবনু হায়বিয়্যাহ আল-খাযযায তার "হাদীস" গ্রন্থে (১/২), ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (কাফ ১/৪১) এবং বাইহাকী "আস-সুনানুল কুবরা" গ্রন্থে (৭/৬৭) বুরায়েহ ইবনু উমার ইবনে সাফীনাহ হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিঙ্গা লাগালেন, অতঃপর আমাকে বললেনঃ …।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। তার দুটি সমস্যাঃ

১। উমার ইবনু সাফীনাহ। তার সম্পর্কে হাফিয যাহাবী "আল-মিযান" গ্রন্থে বলেনঃ তাকে চেনা যায় না। আবু যুর'য়াহ বলেনঃ তিনি সত্যবাদী। বুখারী বলেনঃ তার সনদটি মাজহুল। উকায়লী তাকে "আয-যুয়াফা" গ্রন্থে (পৃঃ ২৮২) উল্লেখ করে বলেছেনঃ তার হাদীস নিরাপদ নয়। আর তার মাধ্যম ছাড়া হাদীসটি চেনা যায় না।

২। তার ছেলে বুরায়েহ, তার নাম হচ্ছে ইবরাহীম। তাকে উকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (পৃ ৬১) উল্লেখ করে বলেছেনঃ তার হাদীসের মুতাবায়াত করা যায় না। ইবনু আদী বলেনঃ তার উল্লেখ না করা গুটিকয়েক হাদীস রয়েছে। বর্ণনাকারীদের সম্পর্কে মন্তব্যকারীদের তার ব্যাপারে কোন মন্তব্য পাচ্ছি না। তার হাদীসগুলোর উপর নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ মুতাবা'য়াত করেননি। আশা করি তার ব্যাপারে কোন সমস্যা নেই।

হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তাকে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা বৈধ হবে না।

তিনি আরো বলেনঃ বুরায়েহ তার পিতা হতে মুনকারগুলো এককভাবে বর্ণনা করেছেন।



হাদীসটিকে আব্দুল হক ইশীলী "আল-আহকাম" গ্রন্থে (নং ৫৭৬) দুর্বল আখ্যা দিয়েছেন। আর হাফিয ইবনু হাজার "আত-তালখীস" (পৃ ১০) গ্রন্থে চুপ থেকেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন